

ভর্তি

কৃষিগুচ্ছভুক্ত ৯ বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ফল পুনর্নিরীক্ষণ আবেদন শুরু

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ১৭ এপ্রিল ২০২৫, ১০: ৫৪



ভর্তি পরীক্ষা ফাইল ছবি

কৃষিগুচ্ছভুক্ত ৯ পাবলিক বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার ফল পুনর্নিরীক্ষণের আবেদন গ্রহণ শুরু হয়েছে। গতকাল বুধবার (১৬ এপ্রিল) শুরু হওয়া এ কার্যক্রম চলবে ১৭ এপ্রিল দিবাগত রাত ১২টা পর্যন্ত। আবেদন বাবদ ফি এক হাজার টাকা।

ফল ও পুনর্নিরীক্ষণের আবেদন করতে কৃষিগুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষার [ওয়েবসাইটে](#) গিয়ে ‘সাইন ইন’ পৃষ্ঠায় নিজের পিন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে। এরপর ড্যাশবোর্ডে গিয়ে ‘ফলাফল’ অপশনটি নির্বাচন করলে

ফল দেখা যাবে। সেখান থেকেই ‘ফল পুনর্নিরীক্ষণ’ অপশনটি নির্বাচন করে আবেদন সম্পন্ন করা যাবে।

এর আগে গত মঙ্গলবার কৃষিগুচ্ছভুক্ত ৯ পাবলিক বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। মেধাতালিকায় মোট উত্তীর্ণ হয়েছেন ৩ হাজার ৮৬৩ জন। সাধারণ মেধাতালিকায় ৩ হাজার ৭৯৪ জন, বীর মুক্তিযোদ্ধার সন্তান ৫, ক্ষুদ্র জাতিগোষ্ঠী ৩৭ ও শারীরিক প্রতিবন্ধী ২৭ জন মেধাতালিকায় জায়গা করে নিয়েছেন। মুক্তিযোদ্ধার সন্তান কোটা, উপজাতি বা ক্ষুদ্র জাতিগোষ্ঠী বা পার্বত্য অঞ্চলের অ-উপজাতি কোটা ও প্রতিবন্ধী কোটার জন্য নির্ধারিত আসনে যোগ্য প্রার্থী না থাকায় ১৩৫টি আসন সাধারণ মেধাতালিকায় যুক্ত করা হয়েছে।

মেধাতালিকার পাশাপাশি দ্বিগুণ অপেক্ষমাণ তালিকা প্রকাশ করা হয়েছে। মেধাতালিকার ফল কৃষিগুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে। এবার ভর্তি পরীক্ষায় অংশ নেওয়ার জন্য ৯৬ হাজার ৮৪১ জন আবেদন করেছিলেন। তাঁদের মধ্যে ৯৪ হাজার ২০ জন ভর্তি পরীক্ষার ফি দিয়েছেন আর প্রবেশপত্র ডাউনলোড করেছেন ৯১ হাজার ৩৭ জন। তা ছাড়া ৮০ হাজার ৮৯০ জন পরীক্ষায় অংশ নিয়েছেন।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়সহ ৯টি কেন্দ্র ও ১৩টি উপকেন্দ্রে ১২ এপ্রিল একযোগে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ভিত্তিক আসনসংখ্যা হলো—বাকুবিতে ১ হাজার ১১৬টি, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে ৪৩৫, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ৭০৫, চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিমেল সায়েন্সেস বিশ্ববিদ্যালয়ে ২৭৫, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে ৫৮০, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ে ১৫০, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৪২৩, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ে ৯৯ ও কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে ৮০টি।

